REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

## সাপ্তাহিক সংবাদ পত্র।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

### বিজ্ঞাপনদাতাগণের জ্ঞাতব্য নিয়মাবলী।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপন প্রকাশ করিতে হইলে এক সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা হিসাবে এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা হিসাবে তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা হিসাবে ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা হিসাবে এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে

বড় বড় বিজ্ঞাপনের দর কার্য্যালয়ে আসিয়া বা পত্র লিখিয়া বন্দোবস্ত করিতে হইবে। ব্লক বিজ্ঞাপনদাতাকে নিজে দিতে হইবে। বিজ্ঞাপনের মূল্য অগ্রিম দেয়। কিন্তু পরিচিত বিজ্ঞাপনদাতাগণের নিকট পরেও বিল করিয়া মূল্য আদায় করা হইয়া থাকে।

### জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের বার্ষিক মূল্য ২৲ টাকা। প্রতি সংখ্যার নগদ মূল্য ৴১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যিনি যে সময় হইতে বার্ষিক মূল্য প্রদান করিবেন পর বৎসর সেই সময় পর্য্যন্ত এক বৎসর জঙ্গিপুর সংবাদ পাইবেন। তাঁহার মূল্য শেষ হইলে পত্র দ্বারা জ্ঞাত করা যাইবে। যিনি যে সংখ্যায় প্রবন্ধ বা সংবাদ প্রেরণ করিবেন তাঁহাকে সেই সংখ্যা বিনা মূল্যে দেওয়া যাইবে।

যাবতীয় চিঠি পত্র মনিঅর্ডার, ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় আমার নামে পাঠাইতে হইবে।

শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৫ম বর্ষ } রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১৯এ চৈত্র বুধবার ১৩২৫ ইংরাজী 2nd April 1919. { ৩৮শ সংখ্যা।


# কেশরঞ্জন তৈল




**কেশরঞ্জন নূতন নহে।**—এ নবযুগে, যখন দেশে কোন স্বদেশী সুগন্ধি কেশতৈলের প্রচলন ছিল না—কেশরঞ্জন তখন আবির্ভূত হইয়া, আজ পর্য্যন্ত অব্যাহতভাবে, সমস্ত ভারতবাসীর মনোরঞ্জন করিয়া আসিতেছে। নিত্য নিত্য নব নব বিজ্ঞান মতে রঞ্জিত নাম বিশিষ্ট কত কেশতৈল বাহির হইতেছে। কিন্তু "কেশরঞ্জনে"র আদর প্রতিপত্তি ও হ্রাস প্রাপ্ত হয় নাই।

**কেশরঞ্জন সুগন্ধে বিশ্ববিজয়ী।**—কেননা বৎসর পূর্ব্বে "কেশরঞ্জনে"র উপাদানে যে সব বৈজ্ঞানিক প্রক্রিয়ার সমাবেশ ছিল, আজও সেই সব আছে; বরং সময়োপযোগী করিবার জন্য আরও নূতন নূতন উপাদান সংযোজিত হইয়াছে। ইহাতে দিন দিন "কেশরঞ্জনে"র গুণ, যশ ও আদর বৃদ্ধি পাইতেছে।

**কেশরঞ্জন ভারতের গৃহে গৃহে।**—এখন বিলাতী গন্ধতৈলের প্রতিযোগিতায় উত্তীর্ণ হইয়া "কেশরঞ্জন" ভারতের গৃহে গৃহে বিরাজমান। কেবল ভারতে কেন—সুদূর ব্রহ্ম, সিংহল প্রভৃতি অঞ্চলেও ইহার যথেষ্ট আদর।

**কেশরঞ্জনের প্রতিদ্বন্দ্বী নাই।**—কেন না, অনেকে অনুকরণের চেষ্টা পাইয়াও নিষ্ফলমনোরথ হইতে পারেন নাই।—কেন না, ভারত, ব্রহ্ম ও সিংহলের বড় বড় নৃপতি, দেশাধিপতি, রাজা-মহারাজা হইতে সামান্য কুটীরবাসী পর্য্যন্ত কেশরঞ্জন ব্যবহার করেন। "কেশরঞ্জন" সুগন্ধে অতুলনীয়,—গুণে অতুলনীয়। ইহা মস্তিষ্ক রোগের প্রতিকারে যথার্থই অব্যর্থ।

এক শিশি ১৲ এক টাকা, মাশুলাদি ৵০ সাত আনা, তিন শিশি ২৷০ দুই টাকা চারি আনা, মাশুলাদি ৸৵০ পোনর আনা। ডজন ৯৲ নয় টাকা, মাশুলাদি স্বতন্ত্র।

### দুইটী চিত্রের তুলনায় সমালোচনা।

**স্বাস্থ্যহীনতার চিত্র।**

মলিন মুখ, বিশীর্ণ দেহ, এক একখানি হাড় বাহির হইয়া যেন পঞ্জর দেখা দিতেছে। আহারে রুচি নাই, ক্ষুধা নাই, কাজে মন বসে না, দুর্ব্বল মনের ভিতর দুশ্চিন্তা, রাত্রে নিদ্রা হয় না। শারীরিক ও মানসিক দৌর্ব্বল্য এই সব নিয়ে অধঃপতনের পথ চলিতে থাকে। কিন্তু যদি আমাদের "অশ্বগন্ধারিষ্ট" কিছুদিন সেবন করেন—তাহা হইলে নবজীবন লাভ করিবেন।

**স্বাস্থ্যপূর্ণতার চিত্র।**

তখন দেখিবেন—আপনার বিশীর্ণ গণ্ডে লোহিতাভার সঞ্চার হইয়াছে। আহারে রুচি হইয়াছে। শারীরিক ও মানসিক শ্রম করিতে আর আপনি অপারক নন। সম্মুখে ইউনিভার্সিটী পরীক্ষা। নব উৎসাহে, নবজীবনে আপনি নিয়োজিত হইতেছেন—একটুও ক্লান্তি নাই, অবসাদ নাই। এ জন্য জানিয়া রাখুন—সর্ব্ববিধ মানসিক ও দৈহিক দুর্ব্বলতার জন্য আমাদের অশ্বগন্ধারিষ্ট শ্রেষ্ঠ মহৌষধ।

এক শিশির মূল্য ১৲ এক টাকা; মাশুলাদি ৷৵০ এগার আনা।

গবর্ণমেণ্ট-মেডিক্যাল-ডিপ্লোমাপ্রাপ্ত,

**শ্রীযুক্ত নগেন্দ্রনাথ সেনগুপ্ত কবিরাজের**

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড, কলিকাতা।

# হিলিংবাম

**নূতন ও পুরাতন মেহ এবং ধাতু দৌর্ব্বল্যের মহৌষধ।**

১ মাত্রায় পরিচয়! এক দিবসে জ্বালা নিবারণ!! এক সপ্তাহে নিরাময়!!!

মেহের জন্য "নগোকোকাই" প্রভৃতি যাহা বিক্রয় হইতে দেখা যায়, হিলিংবাম এ জাতীয় ঔষধ নহে। ইহা উদ্ভিজ্জ উপাদানে প্রস্তুত। যে কোন রোগীর জন্য কেবল মাত্র হিলিংবাম সেবন করিলেই হইবে। মেহ রোগ সারিবার অনেক ঔষধ বাজারে আছে, কিন্তু এই রোগ-রাক্ষসের সমুচিত ঔষধ "হিলিংবাম"। আর কোন ঔষধ সেবন করিতে হয় না, অর্থ ও সামর্থ্য নষ্ট করিবেন না। আমাদের ঔষধ ২৪ বৎসরের অধিক পুরাতন।

আজ কাল নানা ঔষধের "বাম" হইয়া থাকে, আমাদের হিলিংবামের অনুকরণে অনেক "বাম" ও "বাল" বাজারে দেখা দিয়াছে। এই সকল অসার ঔষধ হইতে সাবধান হইবেন।

মেহ রোগ কি, তাহা বোধ হয় সকলেই জানেন। প্রধানতঃ মেহের উপসর্গ এইরূপ—প্রস্রাবের জ্বালা যন্ত্রণা, প্রস্রাব সরল না হওয়া, বারম্বার বেগ হওয়া, রক্ত প্রস্রাব, হইয়া মূত্রনালী টন্ টন্ করা, রক্ত পূঁজ যুক্ত প্রস্রাব, ধাতুদৌর্ব্বল্য, মাথা ধরা, মাথা ঘোরা, কোষ্ঠকাঠিন্য, কাজে মন না লাগা, কেহ কাহিল হইয়া পড়া ইত্যাদি। এমন কি প্রস্রাবের সহিত ধাতু যাইতে থাকে। হিলিংবাম যে কত শত সহস্র প্রশংসা পত্র পাইয়াছে তাহা লিখিয়া শেষ করা যায় না। নির্দ্ধন স্ত্রী পুরুষ সকলেই ঔষধের গুণে উপকার পাইয়া প্রশংসা করিয়াছেন। কিন্তু এ সকল বাদ দিলেও নিম্নে দেখুন কত বড় বড় ডাক্তার প্রশংসা করিয়াছেন।

### কেবল কয়েক জন ডাক্তারের নাম।

(১) কর্ণেল কে, পি, গুপ্ত, (আই, এম, এস) এম এ, এম, ডি—এফ, আর, সি, এস—পি, এম, ডি—এস, এম, সি; (২) মেজর বি কে, বসু—(আই, এম, এস,) এম, ডি, এম; (৩) মেজর এস, পি, সাও, (আই, এম, এস,) এম, আর, সি, পি এস, আর, সি, এস; (৪) ডাঃ এস, চক্রবর্ত্তী এম, ডি; (৫) ডাঃ ইউ, গুপ্ত এম, ডি; (৬) ই, এল, গুপ্ত এম, ডি; (৭) আর দনির এম, বি, সি, এম; (৮) ডাঃ টি, ইউ, আহমেদ এম, বি, এম, আর, এস, এ; (৯) ডাঃ এ, ফায়ার্স, এল, আর, সি, পি, এণ্ড এস; (১০) ডাঃ জি, কেজকার, এল, আর, সি, পি, এস, এফ, পি; (১১) ডাঃ আর, জি, কর, এল, এম, এস, এল, এম, এস ইত্যাদি।

হিলিংবাম সমস্ত ডাক্তারখানায় বিক্রয় হয়।

মূল্য বড় শিশি ২৷০; ছোট শিশি ১৸০; ভিঃ পিঃতে প্যাকিং খরচাদি স্বতন্ত্র।

**আর, লগিন্ এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হলিং", কলিকাতা

গণেশায় দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

১৯এ চৈত্র বুধবার, ১৩২৫ সাল।

## আমাদের বিপদ।

হঠাৎ আমাদের ছাপার কলটী ভাঙ্গিয়া যাওয়ায় আমরা গত সপ্তাহে জঙ্গিপুর সংবাদ প্রকাশ করিতে পারি নাই। প্রেসটি কলিকাতা না পাঠাইলে মেরামত হইবে না বলিয়া বোধ হইয়াছিল। যাহা হউক জঙ্গিপুরের সুবিখ্যাত কারিকর শ্রীমান্ হরিপদ কর্ম্মকার এক কপর্দ্দক পারিশ্রমিক না লইয়া ক্রমাগত ৫।৬ দিন মেহনতের পর কলটি বেমালুম সারিয়া দিয়াছে। আমাদিগের মহদুপকার করিয়াছে।

---

## ধুলিয়ানে অগ্নিকাণ্ড।

—০—

মহাজন পটী ও আড়ত পটী ভস্মীভূত।

---

দশ লক্ষ টাকা ক্ষতি।

---

গত ১৪ই চৈত্র বেলা ১২॥ ঘটিকার সময় হঠাৎ মালপাড়ার একটী পটীতে অগ্নি জ্বলিয়া উঠে। মুহূর্ত্ত মধ্যে সমস্ত মালপাড়া প্রায় ৩০।৪০ ঘর মালের বাটী অগ্নিক্ষেত্রে পরিণত হয়। একে দ্বিপ্রহর বেলা, চৈত্র মাস, তাহাতে পশ্চিমে হাওয়া। দেখিতে দেখিতে মালপাড়া হইতে ধূলিয়ান সহরের পূর্ব্ব প্রান্ত পর্য্যন্ত ২৫ মিনিটের মধ্যে অগ্নিক্ষেত্রে পরিণত হইল। লোকজন যথেষ্ট আসিয়াছিল কেহই বড় কিছু করিতে পারিল না। তবে পূর্ব্ব প্রান্ত মহাল-দার পাড়ার কতকগুলি লোক জুটিয়া ২।৩ খানা ঘর ভাঙ্গিয়া ফেলে, তাহাতে পূর্ব্ব প্রান্ত রক্ষা হয়। মাই সিং মেঘরাজ বাহাদুরের কুঠি কয়েকটী ভদ্রলোকের সাহায্যে রক্ষা পায়। পশ্চিম দাক্ষিণ কোণে এসমাইল চৌধুরীর কাছারী ভাঙ্গিয়া দেওয়া হয় তবে একটী পাড়া ও লালচাঁদ অমিকরামের ছোমার গুদাম রক্ষা পায়। কাঞ্চনতলার বহু ভদ্রলোক এই বিপদে যথেষ্ট সাহায্য করিয়াছেন। তবে ধুলিয়ানের কুলি মজুরের ব্যবহার অতি কদর্য্য, প্রতি কলসী জলের দাম ।০ চারি আনা আদায় করিয়াছে। পরে ১০ ৫ পয়সাই বন্দবস্ত করা যায়। মিউনিসিপালিটীর কমিশনরগণ ও লোক উপস্থিত থাকিয়া অগ্নি নির্ব্বাপনের যথেষ্ট সাহায্য করিয়াছেন। কালীচরণ মুরাতী বিশ্বাসের গোলার একটী লোক বাহির হইতে না পারায় অগ্নি মধ্যে প্রাণ হারাইয়াছে। আড়ত পটীতে একটী গাভী পুড়িয়া মরিয়াছে। গালা মাল ও পাট প্রায় ৭ লক্ষ টাকার পুড়িয়া গিয়াছে। ঐ দিবস রাত্রিতে শ্রীযুক্ত মণিলাল ঠাকুর সমস্ত আড়তদার ও মহাজন লোক সকলের আহারের বন্দোবস্ত করিয়া মনুষ্যত্বের পরিচয় দিয়াছেন। ঘটনার পরদিন প্রাতে বেলা ৭টার সময় চেয়ারম্যান বাহাদুর তদন্ত করিতে আসিয়াছিলেন। পরে প্রাতের গাড়ীতে সব ডেপুটী ঘটনাস্থলে উপস্থিত হইয়াছিলেন। স্থানীয় পুলিশ ইতঃস্তত তদন্ত করিয়া বেড়াইতেছে। বৈকালে জঙ্গিপুর মহকুমার সবডিবিসনাল অফিসার তদন্তে আসিয়াছিলেন। আড়তপটীর মাঝখানে মালপাড়া রাখা ঠিক নহে। এ বিষয় জমীদার ও মিউনি-সিপালিটীর দৃষ্টি আকৃষ্ট হওয়া উচিত।

জনৈক প্রত্যক্ষদর্শী।

---

## সতীর শ্রাদ্ধ।

—০—

বিগত ১১ই চৈত্র মঙ্গলবার বীরভূম-বার্ত্তা সম্পাদক শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ চক্রবর্ত্তী মহা-শয়ের স্বর্গীয়া সহধর্ম্মিণীর সাম্বৎসরিক শ্রাদ্ধ সিউড়িতে খুব ধুমধামের সহিত নির্ব্বাহিত হইয়া গিয়াছে। এতদুপলক্ষে দেবেন বাবু ঢাকা হইতে তাঁহার বৈদিক কুল পুরোহিত আনাইয়া এবং অত্রত্য ভট্টাচার্য্যগণের সাহায্যে শাস্ত্রবিহিত মতে চন্দন-ধেনু শ্রাদ্ধ সম্পন্ন করিতে কোন বিষয়ে ত্রুটী করেন নাই। তারপর ব্রাহ্মণ ও অধ্যাপক ভট্টাচার্য্য বিদা-য়েরও তিনি সুন্দর ব্যবস্থা করিয়াছিলেন। সিউড়ির ব্রাহ্মণ ও ভদ্রলোক এবং অন্যান্য শ্রেণীর লোকদিগকে তাঁহার বাড়ীর সংলগ্ন বিস্তীর্ণ জায়গায় নানাপ্রকার উপাদেয় জিনিসে ভুরি ভোজনের সুব্যবস্থা করেন। উপস্থিত অন্ধ, খঞ্জ শ্রেণীর কাঙ্গালীদিগকেও সন্তুষ্ট করিতে দেবেন বাবু কোন ত্রুটী করেন নাই। কালীপুরের বঙ্কু দাসের কৃষ্ণ বিষয়ক কীর্ত্তনে সেদিন সন্ধ্যাকালে এই শ্রাদ্ধের বাড়ী বাস্ত-বিকই যেন পবিত্র হইয়াছিল দেখিলাম। শ্রাদ্ধ সভায় সিউড়ির হেড কনেষ্টবল শ্রীযুক্ত মনিমোহন ঘোষ হারমোনিয়মের সুরে সুর মিলাইয়া করুণ স্বরে একটী সুন্দর শোকাবহ গান গাহিয়াছিলেন এবং কুণ্ডলার কৃপাসিন্ধু চতুষ্পাঠির অধ্যাপক শ্রীযুক্ত সত্যনারায়ণ সাংখ্য বেদান্ততীর্থ মহোদয় এবং সিউড়ির টোলের অধ্যাপক শ্রীযুক্ত ভুতনাথ কাব্যতীর্থ মহোদয় শ্রাদ্ধ করিলে কি ফলোদয় হয় তৎ-সম্বন্ধে শাস্ত্রীয় প্রমাণ দেখাইয়া সকলকে সে কথা বুঝাইয়া দিয়াছিলেন। দুইজন অধ্যাপক বিরাট ও গীতার সমগ্র অংশ পাঠ করেন। দেবেন বাবুর অতি শিশু পুত্র যে ষোড়শ ও চন্দন-ধেনু শ্রাদ্ধের মন্ত্র পুরোহিতগণের সহিত যথাযথভাবে পাঠ করিয়াছিল তাহাও এক করুণ দৃশ্য। এই শিশু সকাল হইতে প্রায় সন্ধ্যা পর্য্যন্ত উপবাস করিয়া তাহার মাতৃশ্রাদ্ধ সম্পন্ন করিতে একটুও বিচলিত হয় নাই। দেবেন বাবুর স্ত্রী তিনটী ক্ষুদ্র ক্ষুদ্র শিশু রাখিয়া অতি অল্প বয়সে হঠাৎ পরলোক গমন করিলেও তিনি এ কার্য্যে মুক্ত হস্তে অর্থব্যয় করিয়া প্রকৃত হিন্দুজনোচিত কার্য্যই করিয়াছেন দেখিয়া সকলেই সুখী হইয়াছেন।

শ্রীপঞ্চানন দাস,
সিউড়ি।

---

## গরুতে কথা কহেছে।

---

কলিকাতার সংবাদ পত্র সমূহে প্রকাশ—কেল্লার সংলগ্ন কসাই খানায় ৪টি গরু হত্যার জন্য আনীত হয়। কসাই তিনটি গরু বধ করার পর যেই চতুর্থটিকে কাটিবে অমনি গরুটি বলিয়া উঠিল "খোদাকা কসম মেহি মারনা" অর্থাৎ ভগবানের দোহাই মারিও না। কসাই তখন গরুটিকে বধ করিতে নিরস্ত হইল জনৈক সার্জ্জেন্ট এই কথা শুনিয়া পুনরায় কসাইকে ছুরা উত্তোলন করিতে বলিলেন। গরুটি এবারও পূর্ব্ববৎ কথা বলিয়া উঠিল। গরুটি লইয়া হিন্দু ও মুসলমান সৈন্যগণের মধ্যে দাঙ্গার সূচনা হওয়ায় পুলিশ গরুটিকে তালতলা থানায় লইয়া যান। ভগবানের রাজ্যে কত অসম্ভব সম্ভব হইতেছে।

"জলে শিলা ভেসে যায়, বানরেরা গীত গায়,
দেখিলেও না হয় প্রত্যয়।

---

## রঘুনাথগঞ্জ মাইনর স্কুল।

---

এই স্কুলটীর অবনতির কথা ~~আমরা~~ ইতি-পূর্ব্বে প্রকাশ করিয়াছি। সম্প্রতি ইহার প্রেসিডেন্ট, সেক্রেটারী ও স্থানীয় ১ম মুন্সেফ বাবু স্কুল গৃহ নির্ম্মাণ ও স্কুলটির উন্নতির জন্য খুব পরিশ্রম করিতেছেন। স্থানীয় অধিবাসী গণও যথাসাধ্য অর্থ সাহায্য করিতেছেন। সকলের চেষ্টায় না হয় কি? 'দশকা লাঠি এককা বোঝা।

---

## নীলামের ইস্তাহার।

চৌকী জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত।

নিলামের দিন ১৫ই এপ্রেল ১৯১৯।

নিম্নলিখিত নম্বরগুলির ডিক্রীদার মেদিনী-পুর জমিদারী কোং লিঃ।

২২৫ থাং দেং গোপালচন্দ্র সাহা দাবি ৩৩৷৶৩ পং কুকুনপুর মৌজে বড় কালিয়াই ৫৮৩৮ কাত ৮৲ আঃ ২০৲

২২৩ থাং দেং গোপীনাথ রায় দাবি ১৬৷৶৩ পং কুকুনপুর মৌজে ওসমানপুর ২/০ কাত ২৷/৩ আঃ ১০৲

২২৪ থাং দেং যোগেন্দ্রনারায়ণ রায় দাবি ৬৭৸৴৯ পং কুকুনপুর মৌজে খন্দুয়া ১৭৮৩৮ কাত ২৷/০ আঃ ৫০৲

২৫৫ থাং দেং শশিভূষণ রায় দিং দাবি ১৮৸৶৩ পং কুকুনপুর মৌজে হরিশচন্দ্রপুর ২৭৮১॥ কাত ১৯৶৩ আঃ ১০৲

২৫৬ থাং দেং ঐ দাবি ৪১৶৯ পং কুকুনপুর মৌজে নিজ বাগডাঙ্গা ১০৮/ কাত ৭৪০ আঃ ২৫৲

নিম্নলিখিত নম্বরগুলির ডিক্রীদার সেবাইত বলরামচন্দ্র বড়াল দিং

১০৮ থাং দেং নাজেমন বিবি দাবি ৯৷/০ পং গনকর মৌজে রামচন্দ্রবাটী ২/৪ কাত ৪৴৫ আঃ ৪৲

১৫৭ থাং দেং জোবা সেখ দাবি ৮৷৶ পং গনকর মৌজে গনকর ৯৷০ কাত ১২৴২ আঃ ৫৲

## আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের আয়ুর্ব্বেদীয় অমূল্য উপদেশ

সর্ব্বমন্যং পরিত্যজ্য শরীরমনুপালয়েৎ।
তদভাবে হি ভাবানাং সর্ব্বাভাবঃ শরীরিণাম্॥

চরক সংহিতা

অর্থ—অন্য সকল পরিত্যাগ করিয়া শরীর পালন করা কর্ত্তব্য শরীরের অভাবে জীবদিগের সকলেরই অভাব হয়।

স্বাস্থ্য সম্বন্ধীয় পুস্তক।

আবেদন করুন।
কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী।
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

প্রত্যেক গৃহীর সম্পূর্ণ।

বিনামূল্যে এবং বিনা ডাক মাশুলে

১—দীর্ঘায়ু
২—স্বাস্থ্য
৩—শক্তি

এই তিনটী জিনিস লাভ করিবার প্রকৃত উপায়—

## আতঙ্ক-নিগ্রহ বটিকা।

শক্তিহীনকে শক্তিশালী করিয়া, আত্মকৃত কু অভ্যাস জনিত ভগ্নস্বাস্থ্য ও জীবনে হতাশ ব্যক্তিদিগকে স্বাস্থ্য ও নব জীবন দান করিয়া ভৈষজ্য জগতে শ্রেষ্ঠ স্থান অধিকার ও পৃথিবী ব্যাপী অতুল কীর্ত্তি অর্জ্জন করিয়াছে।

এই বটিকা রক্ত পরিষ্কার করে, কোষ্ঠ কাঠিন্য দূর করে, পরিপাক শক্তি বৃদ্ধি করে, স্বপ্নদোষ, প্রস্রাবের সহিত ধাতুস্রাব, বন্ধ্যাত্ব দোষ এবং সর্ব্ব প্রকারের দুর্ব্বলতা দূর করিয়া স্বাস্থ্য, শক্তি, দীর্ঘায়ু দান করিয়াছে।

৩২ বটিক পূর্ণ ১ কৌটার মূল্য ১৲ এক টাকা মাত্র। একত্রে অধিক টাকার ঔষধ ক্রয় করার কমিশন ও উপহারের বিষয় জানিবার নিমিত্ত মূল্য নিরূপণ পুস্তকার জন্য আবেদন করুন।

কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বৌবাজার ষ্ট্রীট, কলিকাতা

## অতি সস্তার

কুহকে মজিয়া স্বাস্থ্য ও অর্থ নষ্ট করিবার পূর্ব্বে আমাদের বিশুদ্ধ আয়ুর্ব্বেদীয় ঔষধ ব্যবহার করুন। শ্বাস কাসের মহৌষধ চ্যবনপ্রাশ /১ সের ৬৲ সাধারণ মকরধ্বজ ১ তোলা ৮৲ হিন্দুলোত্থ পারদযোগে প্রস্তুত মকরধ্বজ ১ ভরি ১৬৲ ধাতুদৌর্ব্বল্য অগ্নিমান্দ্য ও সূতিকায় "জীবনীয় রসায়ন" ইহা অমৃতসম ছাত্র, প্রসূত ও দুর্ব্বলের একমাত্র সহায়। মূল্য ২০ মাত্রা ১ শিশি ১৲ ইপানীর "বাসারিষ্ট ও কনকাসব" ১ মাত্রা সেবনেই শ্বাস কষ্ট কমিবে। মূল্য ১ শিশি ৮০ ও ॥০ আনা। প্রদরের অশোকারিষ্ট, ক্ষয় ও কাসের দ্রাক্ষারিষ্ট, বাতরক্ত, কুষ্ঠ, উপদংশ ও সকলপ্রকার রক্ত দুষ্টির অব্যর্থ ঔষধ ১ বোতল ১॥০ প্রমেহের চন্দনাসব ও চন্দনাদি চূর্ণ ১ দিনেই জ্বালা যন্ত্রণা ও পূঁয নির্গমন কমিবে। একত্রে ১৪ দিন সেবনোপযোগী ২৲ অগ্নিমান্দ্যে ভাস্কর লবণ /০ ছটাক ॥৵০ অগ্নিমান্দ্য অজীর্ণ পাচক ১ কৌটা ১৫ বটী ০ ইহা অগ্নিবর্দ্ধক অরুচি নাশক। কোষ্ঠবদ্ধে গন্ধর্ব্ব হরীতকী দ্রাক্ষাদি ১ কৌটা ৯ বটী ।/০ ইহাতে আমবাত, কোমরের ব্যথা, পুরাতন জ্বর, গুল্ম ও শূল প্রভৃতি আরোগ্য হয়। রাত্রে শয়নের পূর্ব্বে সেবনে সকালে কোষ্ঠ শুদ্ধ হয়। দন্তমঞ্জন ১ কৌটা ৵০ চ্যবনপ্রাশ ১ কৌটা ।০ আনা। অন্যান্য ঔষধ ও জারিত ধাতু দ্রব্যাদি সুবিধা হয়। পরীক্ষা প্রার্থনীয়। পাইকার ও ছাত্রদিগকে সুবিধায় দেওয়া হয়।

সুপ্রসিদ্ধ কবিরাজ রাজেন্দ্রনারায়ণ সেন মহাশয়ের ভাগিনেয় ও ছাত্র আয়ুর্ব্বেদীয় পরীক্ষায় সর্ব্বোচ্চ পদকপ্রাপ্ত
কবিরাজ শ্রীবিভূতিভূষণ গুপ্ত কবিরঞ্জন, গয়া।

---

আমাদের নিকট চাঁদী, সোনা গিনি উচিত মূল্যে পাওয়া যায়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে।
জঙ্গিপুর সাহেব বাজার (মুর্শিদাবাদ)

# সুরমা

## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিয়াছে। আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের উৎসবে, বরকন্যার ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বড়ীর মহিলা "সুরমা" ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতী সৌরভ গৃহকক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সমস্ত ৸০ বার আনা ব্যয় অনেক ফুলবাতির অপব্যয় হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৸০ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ॥৵০ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১৵০ এক টাকা পাঁচ আনা।

## সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহা বন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১॥০ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৵০ এক টাকা তিন আনা।

## জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, বৈকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

## মিল্ক অব্ রোজ।

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায়। ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয়। মূল্য বড় শিশি ॥০ আট আনা, মাশুলাদি ।৵০ সাত আনা।

---

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।

রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৯১২ নং লোয়ার চিৎপুর রোড ট্রেটিবাজার, কলিকাতা।

---

## বিজ্ঞাপন।

আমাদের দোকানে নানাবিধ বোম্বাই সাড়ী পার্শি সাড়ী, মির্জ্জাপুরি রেশমি বস্ত্র, মটকা, দেশী বিলাতী কাপড় খাগড়ার বাসন অতি অল্প মুনফায় বিক্রয় করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে শ্রীবিভূতিভূষণ দে।
রঘুনাথগঞ্জ চাউল পটী জঙ্গিপুর, (মুর্শিদাবাদ)

ডাঃ এন, এল, পালের

## সুদর্শন সার।

(সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র।)

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হস্ত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার সেবন করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ॥৵০ দশ আনা।

ডাঃ নন্দলাল পাল,
রঘুনাথগঞ্জ।